# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষিই সমৃদ্ধি"

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২৭১.৪৬.০২০.২৩-২৪৫৯

তারিখঃ ২৫ জ্যৈষ্ঠ ১৪৩২
২৯ মে ২০২৫

প্রধান (মনিটারিং), বিএডিসি
☐ যুপ্র ☐ ব্যবস্থাপক
☐ উপ্র-১/২ ☑ প্রোগ্রামার
☐ সপ্রক-১/২ ☐ সব্যক-১/২/৩
অন্যান্য :
ডায়েরী নং- ৪৬৬
তাং- ০১/০৬/২০২৫
প্রধান (মনিটরিং)

বরাবর

১। মহাব্যবস্থাপক (পাট বীজ)
বিএডিসি, ঢাকা।

২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/ক:গ্রো:/সিডিপি ক্রপ্স)
বিএডিসি, ঢাকা।

৩। কর্মসূচি/প্রকল্প/যুগ্মপরিচালক (বীআমক/বীউ/সুবর্ণচর/ডাল ও তৈল বীজ)
বিএডিসি, ঢাকা।

৪। এজেন্সি প্রোগাম ডিরেক্টর (PARTNER)
বিএডিসি, সেচভবন, ঢাকা।

**বিষয় : ২০২৪-২৫ বর্ষে উৎপাদিত ভিত্তি, প্রত্যয়িত এবং মানঘোষিত শ্রেণির বোরো ধানবীজ সংগ্রহ কর্মসূচি।**

চলতি ২০২৪-২৫ উৎপাদন বর্ষে পাট বীজ বিভাগ, খামার বিভাগ, আলু বীজ বিভাগ, কন্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগ, ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈল বীজ বর্ধন খামার এবং বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন প্রকল্প, ডাল ও তৈল বীজ বিভাগ এবং বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির অধীনে উৎপাদিত বোরো ধান বীজের শ্রেণিভিত্তিক সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

| ক্র: নং | বিভাগ/প্রকল্পের নাম | বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে. টন) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ভিত্তি | প্রত্যয়িত | মানঘোষিত | হাইব্রিড | মোট |
| ১ | পাট বীজ বিভাগ | ৫৬৩.০০০ | - | - | ২৪.৭০০০ | ৫৮৭.৭০০ |
| ২ | খামার বিভাগ | ৩৩০৬.৫০০ | ২০৭.৫০০ | ৫.০০০ | ১৯০০.১০০ | ৫৪১৯.১০০ |
| ৩ | আলু বীজ বিভাগ | ১৬৫.০০০ | - | - | - | ১৬৫.০০০ |
| ৪ | কণ্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগ | ১৫০.০০০ | ১৯৪০৬.০০০ | ৮৬৪৮.০০০ | - | ২৮২০৪.০০০ |
| ৫ | ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প (সমাপ্ত) | - | ১৩৮৫৯.০০০ | ৩১৪৮.০০০ | - | ১৭০০৭.০০০ |
| ৬ | ডাল ও তৈল বীজ বিভাগ | ১৪.৪০০ | - | - | - | ১৪.৪০০ |
| ৭ | বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি | - | ৪২৯৫.০০০ | ৮১৭.০০০ | - | ৫১১২.০০০ |
| ৮ | নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈল বীজ বর্ধন খামার এবং বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন প্রকল্প | ৮০.০০০ | - | - | - | ৮০.০০০ |
| | মোটঃ | ৪২৭৮.৯০০ | ৩৭৭৬৭.৫০০ | ১২৬১৮.০০০ | ১৯২৪.৮০০ | ৫৬৫৮৯.২০০ |

২। ২০২৪-২৫ বর্ষে বিভাগ, প্রকল্প ও কর্মসূচিওয়ারী শ্রেণি ও জাতভিত্তিক বোরো ধানবীজ সংগ্রহ লক্ষ্যমাত্রার একীভূত বিভাজন পরিশিষ্ট-'ক' তে দেখানো হলো। সংস্থার খামারসমূহে উৎপাদিত বীজ বর্ণিত সংগ্রহ লক্ষ্যমাত্রার অতিরিক্ত হলেও মহাব্যবস্থাপক (বীজ) এর অনুমোদনক্রমে উৎপাদিত সমুদয় মানসম্পন্ন বীজ সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র কর্তৃক উত্তোলন করতে হবে।

৩। স্ব স্ব বিভাগ/প্রকল্প/কর্মসূচি প্রধানগণ সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী খামার ও জোনওয়ারী বোরো ধানবীজ সংগ্রহ কর্মসূচি জারি করবেন। বীপ্রস বিভাগ কর্তৃক জারিকৃত উত্তোলন কর্মসূচি অনুযায়ী জাত ও শ্রেণী ভিত্তিক বোরো ধানবীজ সংগ্রহ, সরবরাহ এবং মজুদ করতে হবে। উত্তোলন কর্মসূচি ব্যতীত বোরো ধানবীজ সংগ্রহ ও মজুদ করা যাবে না।

৪। বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক ভিত্তি ও প্রত্যয়িত শ্রেণীর যে সকল প্লট পরিদর্শনের পর গৃহীত হয়েছে, তার প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট খামার, কণ্ট্রাক্ট গ্রোয়ার্স জোন, বীআমক জোন ও বীজ উৎপাদন কেন্দ্রের প্রধানগণ বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র/বীজ উৎপাদন কেন্দ্রসমূহে সরবরাহ নিশ্চিত করবেন।

৫। সংশ্লিষ্ট বীজ প্রেরণকারী দপ্তর যথাসময়ে প্রেরিত বীজের চালান (ইনভয়েস) সংশ্লিষ্ট বীপ্রকে/বীউ কেন্দ্রে প্রেরণ করবেন এবং চালানের (ইনভয়েস) প্রাপ্তি স্বীকার পাওয়ার পর বীজের মূল্য পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। সংশ্লিষ্ট বীপ্রকে/বীউ কেন্দ্র প্রধানগণ বীজের চালান (ইনভয়েস) প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে চালানের প্রাপ্তি স্বীকার সংশ্লিষ্ট প্রেরক দপ্তরে প্রেরণ করবেন।

(চলমান পাতা-২)

৭। বীজ সংগ্রহকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিশ্চয়তা বিধান করতে হবে যে, কেবলমাত্র অনুমোদনপ্রাপ্ত ও পরিদর্শনকৃত প্লটের বীজ চ. কর্তৃক যথাসময়ে কর্তন, মাড়াই, পরিষ্কারকরণ, শুকানো এবং মাননিয়ন্ত্রণ কার্যাদি যথেষ্ট সতর্কতার সাথে সম্পাদন করা হয়েছে।

৮। বীজ সংগ্রহের ক্ষেত্রে 'মাঠমান' ও 'বীজমান' নিশ্চিত হয়ে বীজ সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে বীজ আইন ২০১৮, বীজ বিধি ২০২০, বিএডিসি'র বীজ উৎপাদন ম্যানুয়েল সমূহের নির্দেশনা অনুসরণ করতে হবে।

৯। যুগ্মপরিচালক/উপপরিচালক (বীপ্রকে), উপপরিচালক (ক:গ্রো:), উপপরিচালক (আলুবীজ), উপপরিচালক (বীউ), উপপরিচালক/সিনিয়র সহকারী পরিচালক (খামার) এবং সিনিয়র সহকারী পরিচালক (বীআমক) এর নিকট থেকে বীজ প্রাপ্তির পর সাময়িকভাবে বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের ট্রানজিট বীজ সংরক্ষণাগারে সংরক্ষণ করবেন।

১০। পাটবীজ, খামার, আলুবীজ, ক:গ্রো:, বীউ ও বীআমক এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট হতে বীজ গ্রহণের পর সংশ্লিষ্ট বীপ্রকে/বীউ কেন্দ্র বীজের পরিমাণ উল্লেখ করে প্রাপ্তি স্বীকার রশিদ প্রদান করবে। বীজ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ২১দিনের মধ্যে চূড়ান্ত প্রাপ্তি স্বীকারপত্র অবশ্যই প্রেরককে প্রদান করতে হবে। গৃহীত বীজের গুণগত মান অক্ষুণ্ণ রাখার দায়িত্ব সংশ্লিষ্ট বীপ্র কেন্দ্র এবং বীউ কেন্দ্রের বীজ ব্যবস্থাপনার সঙ্গে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের উপর বর্তাবে। গৃহীত বীজের নাম, শ্রেণী, উৎপাদন বর্ষ, পরিমাণ, লট নম্বর, কেন্দ্রের নাম, অঙ্কুরোদগম ক্ষমতাসহ প্রয়োজনীয় তথ্য চালানে উল্লেখ করতে হবে এবং বীজ সরবরাহকারী কর্মকর্তাকে প্রদান করতে হবে। বীজ সংগ্রহকালে বীজের অঙ্কুরোদগম ক্ষমতা ন্যূনতম ৯০%, আর্দ্রতা সর্বোচ্চ ১২% এবং বীজ উৎপাদন ম্যানুয়েলে বর্ণিত বিশুদ্ধতার নির্ধারিত মান বজায় থাকতে হবে।

১১। লক্ষ্যমাত্রা অনুযায়ী বোরো ধানবীজ নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ/উত্তোলন/পরিবহন বীপ্র ও বীউ কেন্দ্রে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। বোরো ধানবীজ ফসল কর্তন, মাড়াই, শুকানো এবং পরিষ্কারের সঙ্গে সঙ্গে সংগ্রহ কেন্দ্রে পরিবহণ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও বিভাগ/প্রকল্প প্রধান ব্যক্তিগতভাবে উদ্যোগী হবেন। 'পোস্ট হারভেস্ট' মান নিয়ন্ত্রণের প্রতিটি ধাপ যেন যথাযথভাবে পালিত হয় সে ব্যবস্থা অবশ্যই গ্রহণ করতে হবে।

১২। সকল শ্রেণীর বোরো ধানবীজ সংগ্রহ কাজ আগামী **৩০/০৬/২০২৫** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও বিভাগ/প্রকল্প প্রধানগণ ব্যক্তিগতভাবে উদ্যোগ নিবেন এবং বীজ সংগ্রহ কাজ নিয়মিত মনিটরিং করবেন। বীজ সংগ্রহ, সংরক্ষণ ও মান অক্ষুন্ন রাখার জন্য বীজ প্রযুক্তিগত প্রতিটি ধাপ যেন সতর্কতার সাথে প্রতিপালিত হয় সে ব্যবস্থা অবশ্যই গ্রহণ করতে হবে। বীজ ফসল হার্ভেস্টের পর থেকে সময়ের ব্যবধানে অংকুরোদগম ক্ষমতা কমতে থাকে বিধায় এ সময়সীমা আর বৃদ্ধি করা হবে না।

১৩। লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজ উত্তোলন ও সংরক্ষণের অগ্রগতি সংশ্লিষ্ট বিভাগ/কর্মসূচি/প্রকল্প প্রধানগণ মনিটরিং করবেন এবং সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজ সংগ্রহের সাপ্তাহিক অগ্রগতির প্রতিবেদন মহাব্যবস্থাপক (বীজ) দপ্তরে দাখিল করবেন। সংগ্রহ শেষে চূড়ান্ত প্রতিবেদন **০৭/০৭/২০২৫** তারিখের মধ্যে দাখিল করতে হবে।

১৪। **মহাব্যবস্থাপক (বীজ) দপ্তরের স্মারক নং- ১২.০৬.০০০০.২৭১.৪৬.০২৯.২৪.১৮২২, তারিখ: ২২ অক্টোবর ২০২৪ মূলে জারিকৃত বোরো ধানবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী পার্টনার প্রকল্প (PARTNER) সংশ্লিষ্ট বীজ উৎপাদনকারী বিভাগ/প্রকল্প হতে বীজ সংগ্রহপূর্বক বীজের মূল্য পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে।**

১৫। সংস্থা কর্তৃক একর প্রতি নির্ধারিত পরিমাণ বীজের অতিরিক্ত কোন বীজ সরবরাহের দাবি গ্রহণযোগ্য হবে না। বিষয়টি সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান চাষিদের অবহিত করবেন।

১৬। চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নে জাতের উৎকর্ষতার প্রতিবেদন নির্দিষ্ট ছক (সিজি ফরম নং-২৯/Guide for Management of Seed Production Through Contract Growers, 2nd Edition, 2012) (পরিশিষ্ট-খ) অনুযায়ী সংযুক্ত করতে হবে।

**সংযুক্তি:** বর্ণনামতে (পরিশিষ্ট-'ক' ও 'খ')।

২৯/৫/২৫

(মো: আবীর হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোনঃ ০২-২২৩৩৫৭৩১৪
Email: gmseed@badc.gov.bd

**বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/বীবি), বিএডিসি, ঢাকা।
২। প্রধান (মনিটরিং) ও কো-অর্ডিনেটর, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা (কৃষি সমাচারে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। যুগ্মপরিচালক (বীজ পরীক্ষাগার), বিএডিসি, বীজভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-'খ'

(CG Form No-29)

Appendix 19.1 Format for Preparation of Report on the Performance of Variety

## জাতের উৎকর্ষতা সম্পর্কিত প্রতিবেদন

(সঠিক উত্তরের জন্য নির্দিষ্ট ঘরে (√) টিক চিহ্ন দিন/পূরণ করুন)

কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোন .....................................

জেলার নাম : .................................. উপজেলার নাম : ...................................

এ ই জেড এর নাম ও ক্রমিক নম্বর: ..................................................................................

১। ফসলের নাম ........................ ২। জাত ....................... ৩। উৎপাদন বর্ষ ............................ ৪। জীবন চক্র ...........দিন

৫। গাছের বৃদ্ধি: (ক) গাছের বৃদ্ধির গতি: ধীর ☐ মাধ্যম ☐ দ্রুত ☐

(খ) পাতার রং: হালকা সবুজ ☐ সবুজ ☐ গাড় সবুজ ☐

(গ) পাতার অবস্থান: ছড়ানো ☐ খাড়া ☐

(ঘ) কান্ড: নরম ☐ সাধারণ ☐ শক্ত ☐

(ঙ) গাছের উচ্চতা ..........................সেন্টিমিটার।

(চ) কুশীর সংখ্যা ...........................টি গড়ে।

৬। ফুল আসার বৈশিষ্ট্য: (ক) বীজ বপন হতে সময়সীমা ...................দিন।

(খ) চারা রোপণ হতেসময়সীমা ................. দিন।

(গ) সকল গাছে ফুল ধরে: এক সাথে ..................দিন ব্যাপী।

৭। রোগ বালাই ও পোকা মাকড় আক্রমণ .................. ........................ ............................ (নাম ও আক্রান্ত হবার প্রবণতা)

৮। ফসল মাড়াই: সহজ সাধ্য ☐ কষ্ট সাধ্য ☐

৯। একর প্রতি ফলন: (ক) দানা ............... কেজি হতে .............. কেজি, গড়ে ..................... কেজি

(খ) উপজাত-খড় ইত্যাদি: ....................... কেজি।

১০। বীজের গুণাগুণ: (ক) দানার রং ................

(খ) দানার কাল দাগের শতকরা হার ........................

(গ) আকার: চিকন ☐ মাঝারী ☐ মোটা ☐

১১। ১০০০ দানার ওজন: ............................. গ্রাম।

১২। বাজারে চাহিদা (ক) বীজ হিসেবে ...................... ........................... ......................

(খ) খাদ্য হিসেবে ...................... ........................... ......................

১৩। ভবিষ্যৎ সম্ভাবনা: ...................... ........................ .......................

১৪। অন্যান্য গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য/বিষয়: ........................... ........................... ...........................

...................... ....................... ......................... ........................ ........................

মূল্যায়নকারীর স্বাক্ষর

পদবী ও তারিখ